

জাতীয় নাগরিক পার্টির যুব সংগঠন ‘জাতীয় যুবশক্তি’ আগামী শুক্রবার আত্মপ্রকাশ করতে যাচ্ছে বলে জানিয়েছে সংগঠনের সঙ্গে থাকা সংশ্লিষ্টরা। আজ মঙ্গলবার রাজধানীর বাংলামোটরে জাতীয় নাগরিক পার্টির অঙ্গসংগঠন এনসিপির যুব উইংয়ের আত্মপ্রকাশ উপলক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানান জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী।

নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, ‘আগামী শুক্রবার (১৬ মে) বেলা ৩টায় গুলিস্তানে শহীদ আবরার ফাহাদ অ্যাভিনিউয়ে একটি বড় প্রোগ্রামের মধ্য দিয়ে জাতীয় যুব শক্তি বড় আকারে বাংলাদেশের মানুষের সামনে হাজির হবে।

তিনি আরও বলেন, ‘গণ-অভ্যুত্থানে তরুণদের বড় একটা অংশগ্রহণ ছিল। আমরা দল ঘোষণা পর তরুণদের ঐক্যবদ্ধ করার জন্য কাজ শুরু করি। আমরা ৬৪ জেলার প্রত্যেকটি জায়গার মানুষের সঙ্গে কথা বলেছি। ফিল্ডে গিয়েছি, ডেটা সার্ভে করেছি। বাংলাদেশকে একটি জায়গা নিয়ে যাওয়ার জন্য নতুন যুব সংগঠন কীভাবে আত্মপ্রকাশ করতে পারি, সে বিষয়ে গত দুই মাস পরিশ্রম করার পর আমরা একটি পর্যায়ে এসেছি।

সংবাদ সম্মেলনে একাত্তরকে অস্বীকার করে বাংলাদেশে রাজনীতি করার সুযোগ নেই মন্তব্য করে নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, ‘একাত্তর বাংলাদেশের ভিত্তিমূল। আমরা চব্বিশে সেটা রিক্লেইম করেছি। এই ভিত্তিমূল আমাদের থাকতে হবে। যদি কোনো গোষ্ঠী বা কোনো পক্ষ একাত্তরকে বাইপাস করে রাজনীতি করতে চায়, তাদের রাজনীতিটা বুমেরাং হবে।

জাতীয় সংগীত প্রসঙ্গে তিনি বলেন, ‘যারা জাতীয় সংগীতের প্রতি অবমাননা করছেন, বুঝে না বুঝে, আমরা তাদের বলব, বাংলাদেশের গণমানুষের যে রাজনীতি ও আকাঙ্ক্ষা প্রতিফলিত হয়েছে, সেখানে অংশগ্রহণ করে আপনাদের মূলধারার রাজনীতিতে আসা উচিত।’

সংবাদ সম্মেলনে জাতীয় নাগরিক পার্টির যুগ্ম মুখ্য সমন্বয়ক (যুব) অ্যাডভোকেট মো. তারিকুল ইসলাম বলেন, ‘আমরা এমন একটি রাজনৈতিক প্ল্যাটফর্ম তৈরি করতে চাই, যেখানে স্বাধীন মতপ্রকাশ ও নৈতিক আদর্শে উজ্জীবিত যুবসমাজ তাদের কাঙ্ক্ষিত রাজনীতি করতে পারবে।’

তিনি আরও বলেন, ‘তরুণদের সমস্যা চিহ্নিত করে তাদের কর্মক্ষমতা ও সম্ভাবনাকে কাজে লাগাতে প্রতিশ্রুতিবদ্ধ যুবশক্তি। এই প্ল্যাটফর্ম তরুণদের জন্য চিন্তা করবে, তরুণদের দ্বারা পরিচালিত হবে এবং তরুণদের মাধ্যমেই দেশের ভবিষ্যৎ রচনায় কাজ করবে।’

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন এনসিপির যুগ্ম সদস্যসচিব জাহেদুল ইসলাম, জ্যেষ্ঠ যুগ্ম সদস্যসচিব নাহিদা সারওয়ার নিভা প্রমুখ।